গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(সাধারণ শাখা)
মানিকগঞ্জ।
www.manikganj.gov.bd

# 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | জনাব নাজমুন আরা সুলতানা, জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ |
| সভার তারিখ ও সময়: | ২৮ জুলাই ২০২৬, সকাল ১১:৩০ টা |
| সভার স্থান: | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ |
| উপস্থিত কর্মকর্তা ও ব্যক্তিবর্গ: | পরিশিষ্ট ক দ্রষ্টব্য। |

সভাপতি কর্তৃক মানিকগঞ্জ জেলায় 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি কর্তৃক সভার শুরুতে জুলাই গণঅভ্যুত্থানে শহিদ, আহত জুলাই যোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) কর্তৃক 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০২ জুলাই ২০২৬ তারিখের ৪৮.০০.০০০০.০০০.০০২.৪২.০০০১.২৬.২৭৮ নম্বর স্মারকমূলে প্রাপ্ত জাতীয় কর্মসূচির আলোকে এ জেলায় গৃহীত খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করা হয়। মানিকগঞ্জ জেলায় যথাযোগ্য মর্যাদায় 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়নের জন্য সভাপতি সভায় উপস্থিত সকলকে সুচিন্তিত পরামর্শ প্রদানের আহ্বান জানান এবং সভায় উপস্থিত সকলের আলোচনার মাধ্যমে বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। প্রস্তুতিমূলক সভায় উপস্থিত প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ ও জেলা পর্যায়ের সরকারি দপ্তর প্রধানগণ, আহবায়ক ও জুলাই যোদ্ধাগণসহ প্রিন্ট মিডিয়ার প্রতিনিধিবৃন্দ সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের প্রত্যাশা ব্যক্ত করে বক্তব্য রাখেন।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালনের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**সিদ্ধান্ত-১:**

**০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ পালন এর কর্মসূচি**

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায়/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|---|
| ০৫ আগস্ট ২০২৬ | সুবিধাজনক সময়ে | 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' এর তাৎপর্য তুলে ধরে রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন। | জেলা শিশু একাডেমি, জেলা সরকারি গণগ্রন্থাগার | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মানিকগঞ্জ/ লাইব্রেরিয়ান |
| | | সকল শিক্ষা প্রতিষ্ঠানে জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' -এর তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা। | সকল শিক্ষা প্রতিষ্ঠান | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মানিকগঞ্জ<br>২। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ<br>৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ |
| | ১০:১৫ টা | পুষ্পস্তবক অর্পণ। | জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ | - |
| | সকাল ১১.০০ টা | জুলাই শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের সংবর্ধনা ও আলোচনা সভা অনুষ্ঠান | জেলা শিল্পকলা একাডেমি | - |

| তারিখ | সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায়/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|---|
| ০৫ আগস্ট ২০২৬ | বেলা ১২:১৫ টা | পুরস্কার বিতরণী অনুষ্ঠান। | জেলা শিল্পকলা একাডেমি | - |
| | বাদ যোহর/ সুবিধাজনক সময়ে | জুলাই শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত ও জুলাই যোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। | সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয় | উপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মানিকগঞ্জ সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, মানিকগঞ্জ |
| | বিকাল ৩.০০ টা | জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে/উন্মুক্ত স্থানে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত জুলাই আন্দোলনের উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র, চলচ্চিত্র ও প্রামাণ্য চিত্র প্রদর্শনী। | শহরের গুরুত্বপূর্ণ স্থান | জেলা তথ্য অফিসার, মানিকগঞ্জ |
| | সুবিধাজনক সময়ে | জেলার সরকারি হাসপাতাল, কারাগার, সরকারি শিশু পরিবার, শিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, ডে কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র এবং ভবঘুরে পুনর্বাসন প্রতিষ্ঠানসমূহে প্রীতিভোজের আয়োজন। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |
| | সুবিধাজনক সময়ে | মানিকগঞ্জ শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ | মানিকগঞ্জ শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ | প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা |
| | সকাল থেকে সন্ধ্যা | (ক) শিশুদের জন্য বিনা টিকিটে মুক্তিযোদ্ধা পৌর শিশু পার্ক, মানিকগঞ্জ উন্মুক্ত রাখা।<br>(খ) জনসাধারণের জন্য বিনা টিকিটে জেলার সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত জাদুঘরসমূহ উন্মুক্ত রাখা।<br>(গ) শিশুদের জন্য জেলার সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থান সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করা। | সংশ্লিষ্ট শিশু পার্ক/ জাদুঘর/ বিনোদনমূলক স্থান | সংশ্লিষ্ট শিশু পার্ক/জাদুঘর/ বিনোদনমূলক স্থানের কর্তৃপক্ষ |
| | সন্ধ্যা | জুলাই স্মৃতিস্তম্ভ আলোক সজ্জিতকরণ | মানরা (বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকা) | গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ |

**সিদ্ধান্ত-২:**

| | |
|---|---|
| ২.১ | মানিকগঞ্জ সদর উপজেলার কর্মসূচি জেলার কর্মসূচির সাথে একীভূত হবে। অন্যান্য উপজেলা নির্বাহী অফিসারগণ জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয়ভাবে কর্মসূচি গ্রহণ করবেন। **'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে গেজেটভুক্ত শহিদ পরিবারের সদস্য ও জুলাই যোদ্ধাদের সংবর্ধনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। জেলার সকল শহিদ পরিবার, সদর উপজেলার গেজেটভুক্ত শহিদ জুলাই আহতরা জেলা হতে সংবর্ধনা গ্রহণ করবেন এবং অন্যান্য গেজেটভুক্ত জুলাই আহতরা নিজ নিজ উপজেলা হতে সংবর্ধনা গ্রহণ করবেন।** |
| ২.২ | **'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে উপজেলা প্রশাসন কর্তৃক সংশ্লিষ্ট উপজেলার শহিদদের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।** |
| ২.৩ | 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে গৃহীত সকল অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য পুলিশ সুপার, মানিকগঞ্জকে অনুরোধ করা হলো। |
| ২.৪ | মানিকগঞ্জ শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণের জন্য প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয়। |

| | |
|---|---|
| ২.৫ | জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ এবং জেলার সকল স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬'এর তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২.৬ | 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে আয়োজিত সকল অনুষ্ঠানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য নির্বাহী প্রকৌশলী, পাওয়ার গ্রিড বাংলাদেশ, মানিকগঞ্জ ও সিনিয়র জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি, মানিকগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২.৭ | 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' উদযাপনের লক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য সরকারি বরাদ্দকৃত অর্থ অপ্রতুল হওয়ায় মানিকগঞ্জ জেলা পরিষদ ও মানিকগঞ্জ পৌরসভাসহ স্থানীয় প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের জন্য সভায় অনুরোধ করা হয়। |
| ২.০৮ | সিভিল সার্জন, মানিকগঞ্জ 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' পালন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানসমূহে ০১(এক)টি মেডিকেল টিম প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২.০৯ | 'জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ' এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভাকে অনুরোধ করা হয়। |
| ২.১০ | জেলা তথ্য অফিসার, মানিকগঞ্জ দিবসের সকল কর্মসূচির ব্যাপক প্রচার এবং সকল অনুষ্ঠানে মাইক/শব্দযন্ত্র সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২.১১ | বাংলাদেশ স্কাউটস, মানিকগঞ্জ জেলা রোভার ও বিএনসিসি 'জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে' পুষ্পস্তবক অর্পণের সময় শৃঙ্খলা রক্ষা এবং অর্পিত পুষ্পস্তবকসমূহ যাতে নষ্ট না করা হয় সে বিষয়ে সহযোগিতা করবেন। |
| ২.১২ | 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে গৃহীত সকল অনুষ্ঠানে উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। |
| ২.১৩ | পৌরসভা এলাকায় অবস্থিত আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদেরকে জেলা সদরে আয়োজিত সকল অনুষ্ঠানে অংশগ্রহণের অনুরোধ জানিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আহবান জানানো হয়। |
| ২.১৪ | জেলা তথ্য অফিসার, মানিকগঞ্জ জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে/উন্মুক্ত স্থানে জুলাই আন্দোলনের উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত চলচ্চিত্র প্রদর্শনী ও প্রামাণ্য চিত্র প্রদর্শনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। |
| ২.১৫ | 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' এর তাৎপর্য তুলে ধরে রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে জেলা সরকারি গণগ্রন্থাগারিক/শিশু বিষয়ক কর্মকর্তা মানিকগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ২.১৬ | জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' পালন উপলক্ষ্যে নতুন কোন নির্দেশনা প্রাপ্ত হলে তৎপ্রেক্ষিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |

**জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' পালন উপলক্ষ্যে জেলা কমিটি :**

**জেলা পালন কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্রমিক | নাম/পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ | সভাপতি |
| ০২ | পুলিশ সুপার, মানিকগঞ্জ | সদস্য |
| ০৩ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ | সদস্য |
| ০৪ | সিভিল সার্জন, মানিকগঞ্জ | সদস্য |
| ০৫ | উপপরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ | সদস্য |
| ০৬ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ | সদস্য |
| ০৭ | অধ্যক্ষ, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ | |
| ০৮ | নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, মানিকগঞ্জ | সদস্য |
| ০৯ | উপপরিচালক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ | সদস্য |
| ১০ | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ | সদস্য |
| ১১ | সিনিয়র জেনারেল ম্যানেজার, মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, মানিকগঞ্জ | সদস্য |
| ১২ | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মানিকগঞ্জ | সদস্য |
| ১৩ | বিভাগীয় বন কর্মকর্তা, মানিকগঞ্জ | সদস্য |
| ১৪ | উপজেলা নির্বাহী অফিসার (সকল), মানিকগঞ্জ | সদস্য |
| ১৫ | অধ্যক্ষ, মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ | সদস্য |
| ১৬ | অধ্যক্ষ, খান বাহাদুর আওলাদ হোসেন খান কলেজ, মানিকগঞ্জ | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৭ | অধ্যক্ষ, মানিকগঞ্জ ইসলামিয়া কামিল মাদ্রাসা, মানিকগঞ্জ | সদস্য |
| ১৮ | জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ | সদস্য |
| ১৯ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ | সদস্য |
| ২০ | উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, মানিকগঞ্জ | সদস্য |
| ২১ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ | সদস্য |
| ২২ | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মানিকগঞ্জ | সদস্য |
| ২৩ | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মানিকগঞ্জ | সদস্য |
| ২৪ | প্রধান শিক্ষক, মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জ | সদস্য |
| ২৫ | প্রধান শিক্ষক, সুরেন্দ্র কুমার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জ | সদস্য |
| ২৭ | জেলা কালচারাল অফিসার, মানিকগঞ্জ | সদস্য |
| ২৮ | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মানিকগঞ্জ | সদস্য |
| ২৯ | বীর মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান, আহবায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা ইউনিট কমান্ড, মানিকগঞ্জ | সদস্য |
| ৩০ | সভাপতি, জেলা বার এসোসিয়েশন, মানিকগঞ্জ | সদস্য |
| ৩১ | সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, মানিকগঞ্জ | সদস্য |
| ৩২ | সভাপতি, জেলা প্রেসক্লাব, মানিকগঞ্জ | সদস্য |
| ৩৩ | জনাব গোলাম কিবরিয়া সাইদ, মানিকগঞ্জ | সদস্য |
| ৩৪ | জনাব মাসুমা খানম মুক্তি, মানিকগঞ্জ | সদস্য |
| ৩৫ | এ্যাডভোকেট মোঃ আনোয়ার হোসেন, নায়েবে আমীর, বাংলাদেশ জামায়াতে ইসলামী, মানিকগঞ্জ | সদস্য |
| ৩৬ | জনাব হাসান আলী, সভাপতি, গণঅধিকার পরিষদ, মানিকগঞ্জ | সদস্য |
| ৩৭ | জনাব মোঃ শফিকুল ইসলাম, সাটুরিয়া, মানিকগঞ্জ (শহিদ আফিকুল ইসলাম সাদ এর পিতা) | সদস্য |
| ৩৮ | জনাব বাহাদুর খান, সিংগাইর, মানিকগঞ্জ (শহিদ সাদ মাহমুদ খান এর পিতা) | সদস্য |
| ৩৯ | জনাব নাসিরুদ্দিন আহমেদ, (জুলাই শহিদ শফিক উদ্দিন আহমেদ এর পিতা) | সদস্য |
| ৪০ | জনাব মোঃ রহিজ উদ্দিন (জুলাই শহীদ রফিকুল ইসলাম এর পিতা) | সদস্য |
| ৪১ | জনাব মোছা তাসলিমা আক্তার (মহিউদ্দিন মোল্লা এর মাতা) | সদস্য |
| ৪২ | জনাব মোঃ সাকিব খান, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৪৩ | জনাব মোঃ মিজানুর রহমান, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৪৪ | জনাব নাহিদ মনির, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৪৫ | জনাব মোঃ হারুন মিয়া, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৪৬ | জনাব মোঃ সাদিকুল ইসলাম, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৪৭ | জনাব ওমর ফারুক, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৪৮ | জনাব আমিনুর বিশ্বাস, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৪৯ | জনাব মোঃ সাইম ইসলাম, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৫০ | জনাব আমিনুর ইসলাম, জুলাইযোদ্ধা | সদস্য |
| ৫১ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মানিকগঞ্জ | সদস্য সচিব |

***** কমিটি প্রয়োজনে বিশেষ কোন ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করার অধিকার সংরক্ষণ করবে।**

পরিশেষে ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য গৃহীত কর্মসূচি সুন্দর ও সার্থক করতে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৭/২৬


নাজমুন আরা সুলতানা
জেলা প্রশাসক
মানিকগঞ্জ
ফোন: ০২-৯৯৬৬১০৩৯৫
ই-মেইল: dcmanikganj@mopa.gov.bd

স্মারক নম্বর -০৫.৪১.৫৬০০.০০০.২০৪.০৯.০৩০.২৬-৪২৯

তারিখ: ২৮ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৫। ........................................................................................................
.......................................................................................... মানিকগঞ্জ।

২৮/৭/২৬

মোহাম্মদ নাজমুল হাসান খান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
মানিকগঞ্জ।